# বাংলাদেশ মাদ্রাসাশিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/কক্সবাজার-১০৮/১৫৭

তারিখ: ১১ কার্তিক ১৪৩২ / ২৬ অক্টোবর ২০২৫

**বিষয়: অনুমোদিত ম্যানেজিং কমিটি বাতিলকরণ প্রসঙ্গে।**

সূত্র: ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং বামাশিবো /প্রশা /২২৪২৫১৩১৮২২১/১১১৭৫৭/নথি নং- তারিখ: ০৪-০৬-২০২৫ খ্রি.
২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/কক্সবাজার-১০৮/৩৩; তারিখ: ২৯/০৬/২০২৫ খ্রি.
৩। জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার (অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এর গোপনীয় শাখা) এর স্মারক নং — ০৫.২০.২২০০.১০৬.০০.০০২.২০২৫-৯৬; তারিখ: ০৫/১০/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার রামু উপজেলাধীন আল-গিফারী (র:) আদর্শ দাখিল মাদ্রাসার এডহক কমিটি থাকাকালিন সভাপতি মনোনয়নসহ ম্যানেজিং কমিটি অনুমোদন সূত্রোক্ত ১ নং স্মারকে দেয়া হয়। অনুমোদিত ম্যানেজিং কমিটি গঠনের বিষয়ে প্রতিষ্ঠাতা ও দাতা সদস্য জনাব মোহাম্মদ হাশেম সরওয়ারী একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ০২ নং স্মারকে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), কক্সবাজার কে পত্র প্রেরণ করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সরেজমিনে তদন্তপূর্বক সূত্রোক্ত ৩ নং স্মারকে মতামত প্রদান করেন।

তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, আল-গিফারী (র:) আদর্শ দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠনে নির্বাচনের তপশীলটি যথাযথ প্রক্রিয়ায় প্রচার করা হয়নি যার ফলে নির্বাচন প্রতিদ্বন্দ্বিতামূলক হয়নি অর্থাৎ প্রার্থীগণ বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। এক্ষেত্রে প্রিজাইডিং অফিসারের নির্বাচন প্রক্রিয়া যথাযথভাবে মনিটরিং এর ঘাটতি ছিলো। সার্বিক বিচারে অভিযুক্তদের বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা আছে মর্মে উল্লেখ করেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত হওয়ায় সূত্রোক্ত ১ নং স্মারকের অনুমোদিত ম্যানেজিং কমিটি বাতিল করা হলো এবং প্রতিষ্ঠানের স্বার্থে এডহক কমিটির আবেদন করার জন্য মাদ্রাসা প্রধানকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৬.১০.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

সুপার/ভারপ্রাপ্ত সুপার
আল-গিফারী (র:) আদর্শ দাখিল মাদ্রাসা
ডাকঘর: গর্জনিয়া বাজার, উপজেলা: রামু, জেলা: কক্সবাজার;

নং-বামাশিবো/প্রশাসন/কক্সবাজার-১০৮/১৫৭

তারিখ: ১১ কার্তিক ১৪৩২ / ২৬ অক্টোবর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, কক্সাবাজার;
২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), কক্সবাজার;
৩. উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার;
৪. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রামু, কক্সবাজার;
৬. সভাপতি/সদস্যবৃন্দ, আল-গিফারী (র:) আদর্শ দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি, ডাকঘর: গর্জনিয়া বাজার, উপজেলা: রামু, জেলা: কক্সবাজার;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

২৬/১০/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd